# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ সমস্ত বিষয়ে অবধারিতভাবে কোমলতা অবলম্বন করার নির্দেশ, কেননা সবসময় কোমলতা অবলম্বন করা এটি দুনিয়া ও আখিরাতে তার শোভাবর্ধন করবে

ذِكْرُ الْأَمْرِ بِلُزُومِ الرِّفْقِ فِي الْأَشْيَاءِ إِذْ دَوَامُهُ عَلَيْهِ زِينَتُهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ أَبِي أُمَيَّةَ ـ بِطَرَسُوسَ ـ قَالَ: حَدَّثَنَا نُوحُ بْنُ حَبِيبٍ الْبَذَشِيُّ الْقُومِسِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: حَدَّثَنَا مَعْمَرٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَا كَانَ الرِّفْقُ فِي شَيْءٍ إِلَّا زَانَهُ وَلَا كَانَ الْفُحْشُ فِي شيء قط إلا شانه.)

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 552 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৫২. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “কোমলতা কোন কিছুতে থাকলে, তা তাকে কেবল সুশোভিতই করে আর কোন কিছুতে কঠোরতা থাকে, সেটি তাকে কেবল ত্রুটিযুক্তই করে তুলে।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০১৪৫; আদাবুল মুফরাদ: ৬০১; তিরমিযী: ১৯৭৪; ইবনু মাজাহ: ৪১৮৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৫৯৬; বাযযার: ১৯৬৩; মাজমা‘উয যাওয়াইদ: ৮/১৮।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (মিশকাত: ৪৮৫৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89017

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন